দৈনিক বাংলা

তারিখ 25 AUG 1992
পৃষ্ঠা ৩ কলাম ৪

24

# সরকার শিক্ষার মান উন্নয়ন করছেন —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে উচ্চশিক্ষার গুণগত উন্নয়নের বাস্তব কর্মসূচী গ্রহণ করেছে।

শিক্ষামন্ত্রী গত শনিবার রংপুরে মওলানা কেরামত আলী কলেজের ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত এক সমাবেশে বক্তৃতা করছিলেন। রংপুরের জেলা প্রশাসক জনাব আফজাল হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে সংসদ সদস্য মিসেস সাহিদা সরকার ও মিসেস রেবেকা মাহমুদ, রাজশাহী বিভাগের বিএনপি'র সাংগঠনিক সম্পাদক জনাব রেজাউল হক সরকার রানা ও স্থানীয় সমাজসেবক মোতাহার হোসেন চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন।

এর আগে শিক্ষামন্ত্রী রংপুর জেলায় বর্ষাকালীন কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করেন। সভায় জানানো হয় যে, চলতি অর্থ বছরে এই কর্মসূচীর অধীনে জেলার ৮টি থানায় বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের জন্য ৬৭১ মেট্রিক টন গম বরাদ্দ করা হয়েছে।